26 Aug – 1 Sep, 2021

শিক্ষা চাকরি ও খেলা

Kolkata (South 24 Pgs.) ❖ তোমাদের প্রয়োজনে আমরা ❖ Shiksha Chakri O Khela

বর্ষ - ৭, সংখ্যা - ৩৪ সাপ্তাহিক ২৬ আগস্ট - ১ সেপ্টেম্বর, ২০২১ R.N.I. – WBBEN / 2015 / 63189 পৃষ্ঠা - ১৬ Rs. 5.00

ভেতরের পাতায়

❖ 'মাল্টি টাস্কিং স্টাফ' পরীক্ষার স্পেশাল মডেল সেট-১ এর প্রথম অংশ
❖ 'সাফল্যলাভে জিজ্ঞাসা' – পাঠক-পাঠিকাদের পাঠানো প্রশ্নের উত্তর দেওয়া হয়।
❖ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি বিভিন্ন পরীক্ষা সম্পর্কিত খবরখবর ও রেজাল্টসমূহ।
❖ বিস্তারিত কারেন্ট অ্যাফেয়ার্স

অয়েল ইন্ডিয়া লিমিটেডে ৫৩৫

আইটিআই যোগ্যতায়

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ নবরত্ন পাবলিক সেক্টর অয়েল ইন্ডিয়া লিমিটেড ৫৩৫টি শূন্যপদে ইলেকট্রিশিয়ান, ফিটার, মেকানিক মোটর ভেহিকাল, মেশিনিস্ট, মেকানিক ডিজেল, ইলেকট্রনিক্স মেকানিক, টার্নার, ড্রাফটসম্যান সিভিল, ইনস্ট্রুমেন্টে মেকানিক ইত্যাদি ট্রেডে ৫৩৫ জনকে নিয়োগ করতে চলেছে। প্রার্থীদের আসামের ডিব্রুগড়, তিনসুকিয়া, শিবসাগর, চারাইডিও এবং অরুণাচল প্রদেশের চাংলাং জেলায় অবস্থিত কোম্পানি ওয়ার্কশপগুলিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : HRAQ/REC-WP-D/2021-06। আবেদন করতে হবে ২৩ সেপ্টেম্বরের মধ্যে।

▸ **শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা :** *১) পোস্ট কোড : AEL12021।* এই পোস্ট কোডে শূন্যপদ ৩৮টি (অসংরক্ষিত ১৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩, ওবিসি ১০, এসটি ৪ ও এসসি ২)। মাধ্যমিক পাশের পরে ইলেকট্রিশিয়ান ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। সরকারি ইলেকট্রিক্যাল লাইসেন্সিং বোর্ড থেকে ইলেকট্রিক্যাল ওয়ার্কম্যানস পারমিট হিসেবে বৈধ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। *২) পোস্ট কোড : AFI12021।* এই পোস্ট কোডে শূন্যপদ ১৪৪টি (অসংরক্ষিত ৬৫, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১৪, ওবিসি ৩৮, এসটি ১৭ ও এসসি ১০)। মাধ্যমিক পাশের পরে ফিটার ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। *৩) পোস্ট কোড : AMA12021।* এই পোস্ট কোডে শূন্যপদ ৪২টি

এরপর ২ পাতায়

নিউ ইন্ডিয়া অ্যাসুওরেন্স কোম্পানিতে ৩০০

স্নাতক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ পাবলিক সেক্টর জেনারেল ইন্সুরেন্স কোম্পানি নিউ ইন্ডিয়া অ্যাসুওরেন্স কোম্পানি লিমিটেড স্কেল-১ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারালিস্ট) শাখায় ৩০০ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : CORP.HRM/AO/2021.24.8.2021। আবেদন করতে হবে ১ সেপ্টেম্বর থেকে ২১ সেপ্টেম্বরের মধ্যে।

▸ **শূন্যপদ :** মোট শূন্যপদ ৩০০টি (অসংরক্ষিত ১২১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৩০, ওবিসি ৮১, এসটি

এরপর ২ পাতায়

ন্যাশনাল টেস্টিং এজেন্সির মাধ্যমে ইউজিসি নেটের বিজ্ঞপ্তি প্রকাশিত

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও জুনিয়র রিসার্চ ফেলো পদে নিয়োগ। পরীক্ষা শুরু ৬-১১ অক্টোবর, ২০২১

ন্যাশনাল টেস্টিং এজেন্সি 'ইউজিসি নেট ২০২১' সালের জুন মাসের বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল যেটি পরবর্তীতে আবেদনগ্রহণ বন্ধ করে দেয় কার্যত লকডাউনের কারণে। এই মাসে পুনরায় আবেদনগ্রহণ শুরু হয়েছে ১০ আগস্ট থেকে, চলবে ৫ সেপ্টেম্বর রাত্রি ১১টা ৫০ পর্যন্ত অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও জুনিয়র রিসার্চ ফেলোশিপ পদে প্রার্থী নিয়োগের জন্য। ইউজিসি নেটের মাধ্যমে মিনিস্ট্রি অফ সোশ্যাল জাস্টিস অ্যান্ড এমপাওয়ারমেন্ট

এরপর ৩ পাতায়

মিসলেনিয়াস পরীক্ষার রেজাল্ট প্রকাশিত

২৪ আগস্ট পাবলিক সার্ভিস কমিশন ২০১৮ সালে প্রকাশিত সিনিয়র মিশলেনিয়াস সার্ভিস রিক্রুটমেন্ট এক্সামিনেশনের চূড়ান্ত বাছাই প্রার্থীদের মেধাতালিকা প্রকাশ করল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ছিল : 29/2017। ২০১৮ সালের ৩ মার্চ এই নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয়। যেকোনো শাখায় স্নাতক পাশ রাজ্যের প্রায় কয়েক লক্ষ পরীক্ষার্থী এই পরীক্ষায় বসেছিল। বয়সসীমা ছিল ২০-৩৯ বছর। এরপর মেন পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল ২০১৯ সালের ১৩ জানুয়ারি। মেন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের একবার ১ ফেব্রুয়ারি থেকে ইন্টারভিউ গ্রহণ শুরু হয়। ইন্টারভিউ চলে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত। অবশেষে দীর্ঘ প্রতিক্ষার শেষে এ মাসেই চূড়ান্ত বাছাই প্রার্থীদের নাম ঘোষণা করে কমিশন। এই পরীক্ষার

এরপর ৩ পাতায়

আকোলা কো-অপারেটিভ ব্যাঙ্কে ১০০

স্নাতক যোগ্যতায়

মহারাষ্ট্রে অবস্থিত আকোলা জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে ১০০টি শূন্যপদে জুনিয়র ক্লার্ক শাখায় প্রার্থী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রার্থীদের আবেদন করতে হবে ৪ সেপ্টেম্বর তারিখের মধ্যে www.akoladccbank.com ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০০ টাকা। প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। এছাড়া ডিওইএসিসি দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার

এরপর ৩ পাতায়

মেকন লিমিটেডে ৫৯

ডিপ্লোমা যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় সরকারের সিভিল মন্ত্রকের অধীনস্থ পাবলিক সেক্টর ইউনিট মেকন লিমিটেড ৫৯টি শূন্যপদে জুনিয়র অফিসার, অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ, ডেপুটি এক্সিকিউটিভ, এক্সিকিউটিভ, সিনিয়র এক্সিকিউটিভ, অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার, জুনিয়র অফিসার, পার্সোন্যাল সেক্রেটারি ইত্যাদি শাখায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 11.73.4.1/2021/Cont/01। খুব শীঘ্রই অনলাইনে আবেদনগ্রহণ শুরু হবে। প্রার্থীদের নিয়মিত চোখ রাখতে বলা হচ্ছে

এরপর ২ পাতায়

নিপা লিমিটেডে ৪৮ ইঞ্জিনিয়ার

আবেদনের শেষ তারিখ ৮ সেপ্টেম্বর

মধ্যপ্রদেশের বোরহানপুর জেলায় অবস্থিত নিপা লিমিটেড সিভিল ইঞ্জিনিয়ারি, ডিসিএস/কিউসিএস অপারেটর, ফিটার, নিউট্রিশিয়ান ও ইনস্ট্রুমেন্ট ট্রেডে ৪৮ জন ইঞ্জিনিয়ারকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আবেদন করতে হবে ৮ সেপ্টেম্বরের মধ্যে অফলাইনে।

▸ **শূন্যপদ, বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** *১) সিভিল ইঞ্জিনিয়ার*– শাখায় শূন্যপদ ৩টি। বয়সসীমা ৪৫ বছর। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ বিই/বিটেক পাশ করতে হবে। পোস্ট কোয়ালিফিকেশন এক্সপিরিয়েন্স হিসেবে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। *২) ডিসিএস/কিউসিএস অপারেটর* – শাখায় শূন্যপদ ৬টি। বয়সসীমা ৪৫ বছর। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ বিই/বিটেক পাশ করতে হবে আইটি/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং শাখায়। অথবা, এমসিএ পাশ করতে হবে। ডিস্ট্রিবিউটেড কন্ট্রোল সিস্টেম/কোয়ালিটি কন্ট্রোল সিস্টেম/পেপার মেসিন ইত্যাদি ক্ষেত্রে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। *৩) পেপার মেসিন অপারেটর* – শাখায় শূন্যপদ ১৫টি। বয়সসীমা ৫০ বছর। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ আইটিআই কোর্স পাশ করতে হবে যেকোনো ট্রেডে। মেকানিক্যাল ট্রেডে পাশ

এরপর ২ পাতায়

ওশিয়ান টেকনোলজি ইনস্টিটিউটে ২৩৭

মাধ্যমিক যোগ্যতা থেকে শুরু

কেন্দ্রীয় সরকারের মিনিস্ট্রি অফ আর্থ সায়েন্সের অধীনস্থ চেন্নাইতে অবস্থিত ন্যাশনাল ইনস্টিটিউট অফ ওসিয়ান টেকনোলজি প্রোজেক্ট সায়েন্টিস্ট, প্রোজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, প্রোজেক্ট টেকনিশিয়ান, প্রোজেক্ট জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, রিসার্চ অ্যাসোসিয়েট, সিনিয়র রিসার্চ ফেলো ও জুনিয়র রিসার্চ ফেলো শাখায় ২৩৭ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি

এরপর ৩ পাতায়

WBCS
• Staff Selection • BANK • RAIL
• PSC • LIC • School Service • TET
• SLST • Primary • Army • Police
গ্র্যাজুয়েশন, উচ্চমাধ্যমিক, মাধ্যমিকের পর বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় সাফল্যের সুযোগ জিএসসিই-তে
WBCS Course Facility ⇨ 18 Months Online Course + Offline ▸ 6 Days Live Classes ▸ Offline & Doubt Clearing Class (1 class per week) ▸ Pre-recorded Video Classes as per requirement ▸ Class Test, Weekly Test, Monthly Test, Performance Test, Mock Test, Homework & Quiz.
যে সমস্ত সরকারি চাকরিতে শীঘ্রই নিয়োগ
▸ রাজ্য সরকারি স্কুলে প্রায় ৬০০০০ ▸ জিডি কনস্টেবলে ২৫২৭১ ▸ ইউপিএসসিতে ৩৩৯ ▸ বর্ডার সিকিউরিটি ফোর্সে ২৬৯। যোগ্যতা - মাধ্যমিক থেকে স্নাতক।
কোর্স ফি ৩৫৪০ টাকা থেকে শুরু
GSCE Online & Offline Course | Website : www.gsceindia.org | EMI facility available
Helpline : 9830277100 / 200 / 300 | WBCS 2022 বিজ্ঞপ্তি শীঘ্রই
101 GEORGE TELEGRAPH GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

সম্পাদকীয়

সম্প্রতি সারা দেশজুড়ে পালিত হল 'রাখীবন্ধন উৎসব'। তার সঙ্গে সঙ্গে ভারতবাসী ঝুলনযাত্রা উৎসবও পালন করল। ভাদ্র মাসের পচা গরমে বাঙালি জনবাসী নাজেহাল হলেও বাতাসে পুজো পুজো গন্ধের আমেজে বাঙালিমন এখন থেকে উচ্ছ্বলিত হয়ে উঠেছে। পুজোর কেনাকাটা প্রতিটি ঘরে ঘরে এখন চরম ব্যস্ততায় শুরু হয়ে গেছে। তবে অবশ্যই তা করোনা বিধিনিষেধ মেনেই চলছে বলে আমরা মনে করি। কুমোরটুলির অলিতে-গলিতে মা দুর্গার প্রতিমা প্রস্তুতি, বাজনা করা ইত্যাদি প্রাথমিকভাবে শুরু হয়ে গেছে। এ সবের মধ্যেও সরকারি চাকরিপ্রার্থীদের জন্য বিশেষ সুখবর নিয়ে এল পাবলিক সার্ভিস কমিশন। প্রায় ২ হাজার সংখ্যক পরীক্ষার্থীকে রাজ্য সরকারের বিভিন্ন প্রশাসনিক দপ্তরে নির্বাচিত সফল প্রার্থীদের এবার নিয়োগ করা হবে। ২০১৮ সালে এই পরীক্ষার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল। মাঝের একটা বছর লক ডাউন ও করোনা পরিস্থিতির কারণে পরীক্ষা সূচি পিছিয়ে যায়। ফলতঃ চূড়ান্ত নিয়োগ হতে কিছুটা সময় লাগে। সমস্ত সফল পরীক্ষার্থীদের জানাই 'শিক্ষা চাকরি ও খেলা'-র পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। এর সঙ্গে সঙ্গে আগামী ৩১ আগস্ট থেকে শুরু হচ্ছে ডব্লুবিসিএস ২০২০ মেন পরীক্ষা। তাই পরীক্ষার্থীদের প্রস্তুতি এখন চরমে তা বলাই বাহুল্য। সফলকে শুভেচ্ছা জানানোর পাশাপাশি আগামী পরীক্ষাগুলিতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জানাই পত্রিকার তরফ থেকে সবিশেষ উৎসাহ। একটা কথা মাথায় রাখতে হবে, শুধুমাত্র পরিশ্রমই নয়, শর্টকাট টেকনিক ও সঠিক গাইডেন্স পেলে তবেই একজন পরীক্ষার্থী সবাইকে টেক্কা দিয়ে সেরার সেরা হতে পারে। তাই সারা দিনরাত পড়াশোনা করবেন আমরা আপনাদের সেই পরামর্শ দেবো না। শুধু এটাই বলবো নির্দিষ্ট ছক অনুযায়ী আপনার প্রস্তুতিকে গড়ে তুলুন। সাফল্য আপনার হাতের মুঠোয় আসবেই। পত্রিকার সমস্ত পাঠক-পাঠিকা তথা ভাই বোনেদের জানাই 'রাখী বন্ধনে'র আন্তরিক প্রীতি শুভেচ্ছা ও ভালবাসা। সৌভ্রাতৃত্বই পারে সমাজকে এগিয়ে নিয়ে যেতে। তাই গীতার সারাংশ অনুযায়ী, আমাদের সকলের উচিত অহিংস পথে চলে পরস্পরের পাশে দাঁড়ানো।

অয়েল ইন্ডিয়া লিমিটেডে ৫৩৫

১ পাতার পর

(অসংরক্ষিত ১৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪, ওবিসি ১১, এসটি ৫ ও এসসি ৩)। মাধ্যমিক পাশের পক্ষে মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***৪) পোস্ট কোড : AMC12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ১৩টি (অসংরক্ষিত ৭, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১, ওবিসি ৩, এসটি ১ ও এসসি ১)। মাধ্যমিক পাশের পরে মেসিনিস্ট ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***৫) পোস্ট কোড : AMD12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৯৭টি (অসংরক্ষিত ৪৪, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৯, ওবিসি ২৬, এসটি ১১ ও এসসি ৭)। মাধ্যমিক পাশের পরে মেকানিক ডিজেল ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***৬) পোস্ট কোড : AMDE12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৪০টি (অসংরক্ষিত ১৯, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪, ওবিসি ১০, এসটি ৪ ও এসসি ৩)। মাধ্যমিক পাশের পরে ইলেকট্রনিক্স মেকানিক ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***৭) পোস্ট কোড : AOP12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৫, ওবিসি ২ ও এসসি ১)। মাধ্যমিক পাশের পরে অন্তত ২ বছর মেয়াদে সংশ্লিষ্ট শাখায় ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। এর সঙ্গে সেকেন্ড ক্লাস বয়লার অ্যাটেন্ডেন্ট সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। ***৮) পোস্ট কোড : AOT12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৪টি (অসংরক্ষিত ৩, ওবিসি ১)। মাধ্যমিক পাশের পরে টার্নার ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***৯) পোস্ট কোড : ATC12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৬, ওবিসি ২)। মাধ্যমিক পাশের পরে ড্রাফটসম্যান সিভিল ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***১০) পোস্ট কোড : ATI12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৮১টি (অসংরক্ষিত ৩৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৮, ওবিসি ২১, এসটি ৯ ও এসসি ৫)। মাধ্যমিক পাশের পরে ইনস্ট্রুমেন্ট মেকানিক ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***১১) পোস্ট কোড : ATO12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৪৪টি (অসংরক্ষিত ২১, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৪, ওবিসি ১১, এসটি ৫ ও এসসি ৩)। উচ্চমাধ্যমিক স্তরে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বিষয় নিয়ে পাশ করতে হবে। ***১২) পোস্ট কোড : ATS12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৪, ওবিসি ১)। মাধ্যমিক পাশের পরে সার্ভেয়র ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***১৩) পোস্ট কোড : ATW12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৬টি (অসংরক্ষিত ৫, ওবিসি ১)। মাধ্যমিক পাশের পরে ওয়েল্ডার ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। ***১৪) পোস্ট কোড : AIT12021।*** এই পোস্ট কোডে শূন্যপদ ৫টি (অসংরক্ষিত ৪, ওবিসি ১)। মাধ্যমিক পাশের পরে আইটি অ্যান্ড ইএসএম/আইসিটিএসএম/আইটি ট্রেডে সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে কোনো সরকারি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে। উপরিউক্ত সমস্ত শূন্যপদগুলির মধ্যে ২১টি শূন্যপদ শারীরিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

▶ **বয়সসীমা :** ২৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী বয়স হতে হবে ১৮-৩০ বছর। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষাটি ১০০ নম্বরে ২ ঘণ্টা সময়ে নিতে হবে। পরীক্ষায় থাকছে ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড জেনারেল নলেজ/অ্যাওয়ারনেস অ্যান্ড কোয়েশ্চেন্স অন অয়েল ইন্ডিয়া লিমিটেড থেকে ২০টি প্রশ্ন - রিজনিং, অ্যারিথমেটিক্স/নিউমেরিক্যাল অ্যান্ড মেন্টাল এবিলিটি থেকে ২০টি প্রশ্ন এবং সংশ্লিষ্ট ট্রেড থেকে ৬০টি প্রশ্ন থাকবে।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে https://www.oil-india.com/Current_openNew.aspx ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ২০০ টাকা। এসসি/এসটি, আর্থিকভাবে অনগ্রসর ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি লাগবে না। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

নিউ ইন্ডিয়া অ্যাসুওরেন্স কোম্পানিতে ৩০০

১ পাতার পর

২২ ও এসসি ৪৬)। এরমধ্যে শারীরিক প্রতিবন্ধীদের জন্য ১৭টি শূন্যপদ সংরক্ষিত।

▶ **বয়সসীমা :** ১ এপ্রিল, ২০২১ তারিখ অনুযায়ী প্রার্থীদের বয়স হতে হবে ২১-৩০ বছর। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রার্থীদের যেকোনো শাখায় স্নাতক বা স্নাতকোত্তর পাশ করতে হবে ন্যূনতম ৬০ শতাংশ নম্বরসহ। এসসি, এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ন্যূনতম ৫০ শতাংশ নম্বর পেলেই আবেদন করতে পারবেন।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে ফেজ-১ ও ফেজ-২ ধাপে লিখিত পরীক্ষার মাধ্যমে। ফেজ-১ এ হবে প্রিলিমিনারি পরীক্ষা যেখানে ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্নে থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ থেকে ৩০টি, রিজনিং এবিলিটি থেকে ৩৫টি এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড থেকে ৩৫টি প্রশ্ন। প্রতিটি বিভাগে ২০ মিনিট করে সময় থাকবে। প্রার্থীদের প্রতিটি বিভাগে কাট-অফ মার্ক তুলতে হবে। তবেই তারা মেন পরীক্ষায় ডাক পাবে। ফেজ-২ ধাপে মেন পরীক্ষাটি একটি অবজেক্টিভ টেস্ট ও একটি

এরপর ৪ পাতায়

মেকন লিমিটেডে ৫৯

১ পাতার পর

www.meconlimited.co.in ওয়েবসাইটে।

▶ **শূন্যপদ ও শিক্ষাগত যোগ্যতা :** ***১) এমআর সেক্রেটারিয়েট বিভাগে*** জুনিয়র অফিসার শাখায় শূন্যপদ ১টি। বিএ/বিএসসি পাশ করতে হবে যেকোনো বিষয়ে। ***২) মার্কেট রিসার্চ বিভাগে*** অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ, ডেপুটি এক্সিকিউটিভ, এক্সিকিউটিভ ও সিনিয়র এক্সিকিউটিভ শাখায় শূন্যপদ ২টি। যেকোনো শাখায় ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক পাশের সঙ্গে ২ বছর মেয়াদের এমবিএ/পিজিডিএম পাশ করতে হবে মার্কেটিংয়ে স্পেশালাইজেনশনসহ। ***৩) ইস্পাত হসপিটাল বিভাগে*** জুনিয়র অফিসার শাখায় ১টি এবং অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট শাখায় ১টি শূন্যপদ আছে। জুনিয়র অফিসার বিভাগে আবেদনের জন্য যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন/হসপিটাল ম্যানেজমেন্টে ১ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে। অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট পদের জন্য এমবিএস পাশ করলে আবেদনযোগ্য। ***৪) অ্যাডমিনিস্ট্রেশন বিভাগে*** জুনিয়র অফিসার শাখায় ১টি শূন্যপদ আছে। এই পদে আবেদনের জন্য যেকোনো শাখায় স্নাতক পাশের সঙ্গে হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন/হসপিটাল ম্যানেজমেন্টে ১ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে। ***৫) আইটি ডিপার্টমেন্ট বিভাগে*** জুনিয়র ইঞ্জিনিয়ার শাখায় শূন্যপদ ১টি। এই পদে আবেদনের জন্য বিই/বিটেক ডিপ্লোমা পাশ করতে হবে আইটি/কম্পিউটার

এরপর ৯ পাতায়

নিপা লিমিটেডে ৪৮ ইঞ্জিনিয়ার

১ পাতার পর

করা প্রার্থী অগ্রাধিকার পাবেন। সংশ্লিষ্ট কাজে অন্তত ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ***৪) আইটিআই (ফিটার)*** – শাখায় শূন্যপদ ৬টি। বয়সসীমা ৩০ বছর। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ ফিটার ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে এবং অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ***৫) আইটিআই (ইলেকট্রিশিয়ান)*** – শাখায় শূন্যপদ ১০টি। বয়সসীমা ৩০ বছর। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ ইলেকট্রিশিয়ান ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে এবং অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ***৬) আইটিআই (ইনস্ট্রুমেন্ট)*** – শাখায় শূন্যপদ ৮টি। বয়সসীমা ৩০ বছর। ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ ইনস্ট্রুমেন্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে এবং অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উপরিউক্ত সমস্ত পদে বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা ৩১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ৮ সেপ্টেম্বরের মধ্যে প্রার্থীকে আবেদনপত্র পাঠাতে হবে এই ঠিকানায়— To, The Manager (P&A), Nepa Limited, Nepanagar, District-Burhanpur, Madhya Pradesh-450221। আবেদনপত্র শুধুমাত্র রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে পাঠাবেন। খামের উপর অবশ্যই বড় হাতের অক্ষরে লিখে দেবেন– APPLICATION FOR THE POST OF _____। প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। এছাড়া বিস্তারিত জানতে www.nepamills.co.in ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তি দেখুন।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকা দপ্তর

- **Published by :** Avijit Kundu on behalf of owner GSCE Publications
- **Editor :** Mr. Haranath Das
- **Content Developer & Copy Editor :** Bidyabati Bhowmick
- **For Advt. Please Contact :** 9230056670
- **Page Layout & Graphics Design :** Lakshminarayan Pal
- **Published from :** 31A, S. P. Mukherjee Road, Kolkata-700025 (South 24 Pgs.)
- **Printed from:** Ananda Offset Pvt. Ltd., GN-39, Sector - V, Saltlake City, Kolkata - 700091
- **Phone :** 9230056670
- **E-mail :** gscepublications@gmail.com
- **Website :** www.gsceindia.org

এই পত্রিকায় প্রকাশিত কোনো তথ্যে কোনোরকম ভুল বা অসংগতি থাকলে তা সম্পূর্ণ অনিচ্ছাকৃত।

জর্জ টেলিগ্রাফের জিএসসিই পাবলিকেশনস থেকে নিয়মিত প্রকাশিত হচ্ছে সাপ্তাহিক ট্যাবলয়েড 'শিক্ষা চাকরি ও খেলা'। ডিস্ট্রিবিউটর ও নিউজ পেপার এজেন্টগণ এই সাপ্তাহিক ট্যাবলয়েডটি নিয়মিত পেতে ও যেকোনো ব্যবসায়িক যোগাযোগের জন্য নীচের নম্বরে যোগাযোগ করুন।

মোবাইল : 9830277300

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকার পাঠকদের উদ্দেশ্যে সতর্কীকরণ

'শিক্ষা চাকরি ও খেলা' একটি নিরপেক্ষ পত্রিকা। এখানে দেখা কোনো বিজ্ঞাপন দেখে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে অবশ্যই ওই সংস্থা সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর করে নেবেন। বিজ্ঞাপনে উল্লিখিত কোনো তথ্যে কোনোরূপ ভুল থাকলে বা কোনো তথ্য বিকৃত থাকলে তার দায় সম্পূর্ণভাবে ওই বিজ্ঞাপনদাতার।

'শিক্ষা চাকরি ও খেলা' পত্রিকায় বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন

Ph : 9230056670 • E-mail : gscesdh@gmail.com

বিঃ দ্রঃ : বিজ্ঞাপন সম্পর্কিত সমস্ত ধরনের লেনদেন 'GSCE Publications' এর অনুকূলে কেবলমাত্র চেক/ড্রাফটের মাধ্যমে গ্রহণ করা হবে। কোনোরূপ ক্যাশ লেনদেন গ্রাহ্য করা হবে না। বিজ্ঞাপনদাতার লিখিত অনুমতি বা রিলিজ অর্ডার ছাড়া কোনো বিজ্ঞাপন প্রকাশিত হবে না।

ইউজিসি নেটের বিজ্ঞপ্তি প্রকাশিত

১ পাতার পর

এবং মিনিস্ট্রি অফ মাইনোরিটি অ্যাফেয়ার্স মন্ত্রকের সংশ্লিষ্ট পদে প্রার্থী নিয়োগ করা হবে। শূন্যপদের বিজ্ঞপ্তি পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। ৫ সেপ্টেম্বরের পরে ৭-১২ সেপ্টেম্বরের মধ্যে প্রার্থী অনলাইনে আবেদন করার সময় কিছু ভুল করে থাকলে তা সংশোধন করতে পারবেন।

▶ **শিক্ষাগত যোগ্যতা :** ইউজিসি নেটে আবেদন করার জন্য প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ স্নাতকোত্তর পাশ করতে হবে। ওবিসি, এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ন্যূনতম ৫০ শতাংশ নম্বর থাকলেই আবেদনযোগ্য। যে যে বিষয়গুলিতে স্নাতকোত্তর পাশ থাকলে আবেদন করা যাবে সেগুলি হল– হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্স (বিভিন্ন ল্যাঙ্গুয়েজসহ), কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন, ইলেকট্রনিক সায়েন্স, এডুকেশন, আর্কিওলজি, অ্যানথ্রোপলজি, কেমিস্ট্রি, ডিফেন্স অ্যান্ড স্ট্রাটেজিক স্টাডিজ, ইকোনমিক্স, ল, লেবার ওয়েলফেয়ার/পার্সোনেল ম্যানেজমেন্ট/ইন্ডাস্ট্রিয়াল রিলেশন/লেবার অ্যান্ড সোশ্যাল ওয়েলফেয়ার/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স, সাইকোলজি, ফিজিক্যাল এডুকেশন, মিউজিক, যোগা, উম্যান স্টাডিজ, ভিজুয়াল আর্টস (ইনক্লুডিং ড্রয়িং অ্যান্ড পেন্টিং/অ্যাপ্লাইড আর্ট/হিস্ট্রি অফ আর্ট, সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেলথ, টুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট, সোশ্যাল ওয়ার্ক, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, লিঙ্গুইস্টিক, ম্যানেজমেন্ট (ইনক্লুডিং বিজনেস অ্যাডমিন ম্যানেজমেন্ট/মার্কেটিং/মার্কেটিং ম্যানেজমেন্ট/ইন্ডাস্ট্রিয়াল রিলেশন অ্যান্ড পার্সোনেল ম্যানেজমেন্ট/পার্সোনেল ম্যানেজমেন্ট/ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট/কো-অপারেটিভ ম্যানেজমেন্ট), মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম ও অন্যান্য বিষয়ে।

▶ **বয়সসীমা :** ইউনিয়ন রিসার্চ ফেলোশিপ পদে আবেদনের জন্য প্রার্থীর বয়স হতে হবে ১ অক্টোবর, ২০২১ অনুযায়ী ৩১ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে আবেদনের জন্য বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

▶ **নির্বাচন পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষাটি দুটি পেপারে অনুষ্ঠিত হবে। অবজেক্টিভ টাইপের প্রশ্ন থাকবে। দুটো পেপারেই মোট ৩ ঘণ্টা সময়ের পরীক্ষা দিতে হবে। প্রথম পেপারে থাকবে ৫০টি প্রশ্ন এবং পরীক্ষা হবে ১০০ নম্বরের। দ্বিতীয় পেপারে থাকবে ১০০টি প্রশ্ন এবং পরীক্ষা হবে ২০০ নম্বরের। প্রথম পেপারে থাকবে টিচিং/রিসার্চ অ্যাপ্টিটিউড। এই বিভাগের মধ্যে প্রার্থীর রিজনিং এবিলিটি, রিডিং কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং, জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে প্রার্থীর যোগ্যতা যাচাই করা হবে। দ্বিতীয় পেপারে প্রার্থী যে বিষয়টি বাছাই করেছে সেই উল্লিখিত বিষয়ের ওপর পরীক্ষা দিতে হবে। পরীক্ষার সিলেবাস সম্পর্কে বিস্তারিত জানতে https://www. ugcnetonline.in/syllabus-new.php এই ওয়েবসাইটটি দেখতে হবে। সম্পূর্ণ প্রশ্নপত্র ইংরেজি ও হিন্দি ভাষায় হবে। পরীক্ষাটি অনুষ্ঠিত হবে ৬-১১ অক্টোর তারিখের মধ্যে। প্রথম শিফটে পরীক্ষা হবে সকাল ৯টা থেকে ১২টা। দ্বিতীয় শিফটে পরীক্ষা হবে দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

▶ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ১০ আগস্ট থেকে ৫ সেপ্টেম্বর রাত্রি ১১টা ৫০ মিনিট পর্যন্ত প্রার্থীকে আবেদন করতে হবে https://ugcnet.nta.nic.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ১০০০ টাকা। আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি এবং ওবিসি প্রার্থীদের আবেদন ফি ৫০০ টাকা। এসসি/এসটি/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের আবেদন ফি ২৫০ টাকা। টাকা জমা দেওয়ার শেষ তারিখ ৫ সেপ্টেম্বর, রাত্রি ১১টা ৫০ মিনিট। আবেদনপত্রের ত্রুটি সংশোধনের তারিখ ৭-১২ সেপ্টেম্বর। বিস্তারিত জানতে উল্লিখিত ওয়েবসাইটে চোখ রাখুন।

আকোলা কো-অপারেটিভ ব্যাঙ্কে ১০০

১ পাতার পর

সংক্রান্ত ডিপ্লোমা/ডিগ্রি/সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে। অথবা বিসিএ/বিসিএম/এমসিএম/বিই/বিটেক ডিগ্রি যদি থাকে তাহলেও তারা আবেদনযোগ্য। প্রার্থীদের বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। সমস্ত শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা ৩১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষাটিতে রিজনিং থেকে ৩৫ নম্বর, ইংলিশ ল্যাঙ্গুয়েজ থেকে ১০ নম্বর, জেনারেল অ্যাওয়ার উইথ স্পেশাল রেফারেন্স টু ব্যাঙ্কিং থেকে ৩৫ নম্বর, কম্পিউটার নলেজ থেকে ৩৫ নম্বর এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড থেকে ৩৫ নম্বর, অর্থাৎ মোট ১৫০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রতিটি বিভাগে যেমন প্রশ্নের নম্বর তেমনই নির্দিষ্ট সময় নির্ধারিত থাকবে। এই ধাপে উত্তীর্ণ হলে প্রার্থীকে ইন্টারভিউতে ডাকা হবে। অনলাইন লিখিত পরীক্ষায় এক-চতুর্থাংশ নেগেটিভ মার্কিং থাকছে। এছাড়া আরও বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

ওশিয়ান টেকনোলজি ইনস্টিটিউটে ২৩৭

১ পাতার পর

প্রকাশ করেছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : NIOT/E&P/02/2021 (Project)। আবেদন করতে হবে ১৩ সেপ্টেম্বর বিকেল ৫টার মধ্যে https://www.niot.res.in/index.php/recruitment।

▶ **শূন্যপদ :** *১) প্রোজেক্ট সায়েন্টিস্ট-III* শাখায় শূন্যপদ ৪টি (অসংরক্ষিত)। *২) প্রোজেক্ট সায়েন্টিস্ট-II* শাখায় শূন্যপদ ৩০টি (অসংরক্ষিত)। *৩) প্রোজেক্ট সায়েন্টিস্ট-I* শাখায় শূন্যপদ ৭৩টি (অসংরক্ষিত ৩২, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৭, এসটি ৫, এসসি ১০ এবং ওবিসি ১৯)। *৪) প্রোজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট* শাখায় শূন্যপদ ৬৪টি (অসংরক্ষিত ২৮, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ৬, এসটি ৪, এসসি ৯ এবং ওবিসি ১৭)। *৫) প্রোজেক্ট টেকনিশিয়ান* শাখায় শূন্যপদ ২৮টি (অসংরক্ষিত ১৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, এসটি ২, এসসি ৪ এবং ওবিসি ৭)। *৬) প্রোজেক্ট জুনিয়র অ্যাসিস্ট্যান্ট* শাখায় শূন্যপদ ২৫টি (অসংরক্ষিত ১৩, আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ২, এসটি ১, এসসি ৩ এবং ওবিসি ৬)। *৭) রিসার্চ অ্যাসোসিয়েট* শাখায় শূন্যপদ ৩টি (অসংরক্ষিত)। *৮) সিনিয়ার রিসার্চ ফেলো* শাখায় শূন্যপদ ৮টি (অসংরক্ষিত ৫, এসসি ১ এবং ওবিসি ২)। *৯) জুনিয়ার রিসার্চ ফেলো* শাখায় শূন্যপদ ২টি (অসংরক্ষিত)।

▶ **বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা :** *১) প্রোজেক্ট সায়েন্টিস্ট-III* শাখায় আবেদনের জন্য এমএসসি পাশ করতে হবে মেরিন বায়োলজি/মাইক্রো বায়োলজি/বায়োকেমিস্ট্রি/জুলজি অ্যাকুয়াকালচার শাখায় অথবা, বিটেক পাশ করতে হবে বায়ো টেকনোলজিতে। অন্তত ৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে সংশ্লিষ্ট বিষয়ে। বয়সসীমা ৪৫ বছর। *২) প্রোজেক্ট সায়েন্টিস্ট-II* শাখায় আবেদনের জন্য বিই/বিটেক পাশ করতে হবে মেকানিক্যাল/সিভিল/ইলেকট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/কমিউনিকেশন/জিওইনফরমেটিক্স/জিওমেটিক্স শাখায়। অথবা, এমএসসি পাশ করতে হবে জিওলজি/অ্যাপ্লায়েড জিওলজি/মেরিন জিওলজি/মেরিন জিওফিজিক্স/মেরিন বায়োলজি/মাইক্রোবায়োলজি/জুলজি/অ্যাকোয়া কালচার/ফিজিক্যাল ওসিয়ানোগ্রাফি/ওসিয়ানোগ্রাফি/ফিজিক্স/কেমিক্যাল ওসিয়ানোগ্রাফি/ওসিয়ান টেকনোলজি শাখায়। পেট্রোলিয়াম শাখায় আবেদনের জন্য বিই/বিটেক পাশ করতে হবে কেমিক্যাল/পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং শাখায়। সমস্ত শিক্ষাগত যোগ্যতার সঙ্গে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে সংশ্লিষ্ট শাখায়। বয়সসীমা ৪০ বছর। *৩) প্রোজেক্ট সায়েন্টিস্ট-I* শাখায় আবেদনের জন্য শিক্ষাগত যোগ্যতা লাগবে প্রোজেক্ট সায়েন্টিস্ট-II শাখার মতোই। বয়সসীমা ৩৫ বছর। *৪) প্রোজেক্ট সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট* শাখায় আবেদনের জন্য ৩ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ করতে হবে মেকানিক্যাল/সিভিল/ইলেকট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ইলেকট্রিক্যাল/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স/কম্পিউটার সায়েন্স শাখায়। এছাড়া বিএসসি পাশ করতে হবে মেরিন বায়োলজি/মাইক্রো বায়োলজি/বায়ো টেকনোলজি/বায়ো ইনফরমেটিক্স/অ্যাকোয়াকালচার/জুলজি/বোটানি/কেমিস্ট্রি/ওসিয়ান সায়েন্স অ্যান্ড টেকনোলজি শাখায়। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। বয়সসীমা ৫০ বছর। *৫) প্রোজেক্ট টেকনিশিয়ান* শাখায় আবেদনের জন্য মাধ্যমিক পাশের সঙ্গে এনসিভিটি দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ওয়েল্ডার/ফিটার/রেফ্রিজারেশন/এয়ার কন্ডিশনিং/ড্রাফটসম্যান-মেকানিক্যাল/মেসিনিস্ট/ড্রাফটসম্যান-সিভিল/ইলেকট্রিশিয়ান/ইলেকট্রনিক্স/ইনস্ট্রুমেন্টেশন ট্রেডে আইটিআই কোর্স পাশ করতে হবে। বয়সসীমা ৫০ বছর। *৬) প্রোজেক্ট জুনিয়র অ্যাসিস্ট্যান্ট* শাখায় আবেদনের জন্য যেকোনো শাখায় স্নাতক পাশ করতে হবে। বয়সসীমা ৫০ বছর। *৭) রিসার্চ অ্যাসোসিয়েট* শাখায় আবেদনের জন্য এমটেক পাশ করতে হবে ওসিয়ান টেকনোলজি/বায়ো টেকনোলজি/বায়ো ইনফরমেটিক্স শাখায়। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। বয়সসীমা ৩৫ বছর। *৮) সিনিয়ার রিসার্চ ফেলো* শাখায় আবেদনের জন্য এমএসসি পাশ করতে হবে ওসিয়ানোগ্রাফি/ফিজিক্যাল ওসিয়ানোগ্রাফি/অ্যাটমসফেরিক সায়েন্স/মেটেরিওলজি/ম্যাথমেটিক্স/কেমিক্যাল সায়েন্স শাখায়। অথবা, বিই/বিটেক পাশ করতে হবে বায়ো টেকনোলজি/জেনেটিক্স/বায়ো ইনফরমেটিক্স/ফার্মাসিউটিক্যাল শাখায়। অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ইউজিসি নেট ও গেট পরীক্ষা বৈধ স্কোর প্রাপ্ত হতে হবে। বয়সসীমা ৩২ বছর। *৯) জুনিয়ার রিসার্চ ফেলো* শাখায় আবেদনের জন্য শিক্ষাগত যোগ্যতা লাগবে সিনিয়ার রিসার্চ ফেলো শাখার মতোই। বয়সসীমা ২৮ বছর।

সমস্ত শিক্ষাগত যোগ্যতায় ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা ১৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। আরও বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

মিসলেনিয়াস পরীক্ষার রেজাল্ট প্রকাশিত

১ পাতার পর

মাধ্যমে রাজ্য সরকারের যে যে দপ্তরে যতজনকে নিয়োগ করা হবে তা নীচে বর্ণনা করা হল। ডিজাস্টার ম্যানেজমেন্ট দপ্তরে ৪৫ জন, ব্লক ইয়ুথ অফিসার/মিউনিসিপ্যাল ইয়ুথ অফিসার/বেরো ইয়ুথ অফিসার বিভাগে ১৫৯ জন, ইন্সপেক্টর/ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার বিভাগে ১৪৫ জন, কনজিউমার ওয়েলফেয়ার অফিসার বিভাগে ১৭২ জন, অ্যাসিস্ট্যান্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার বিভাগে ১০ জন, ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট লেবার সার্ভিস বিভাগে ২০৬ জন, অডিটর অফ কো-অপারেটিভ সোসাইটি বিভাগে ৭৫ জন, অ্যাসিস্ট্যান্ট অডিটর, বোর্ড

এরপর ৯ পাতায়

জিএসসিই পাবলিকেশনস থেকে সদ্য প্রকাশিত

জিএসসিই পাবলিকেশনস থেকে প্রকাশিত সমস্ত বই ও ম্যাগাজিনগুলি পশ্চিমবঙ্গের সর্বত্র পাওয়া যাচ্ছে। বইগুলি আপনার নিকটবর্তী বুকস্টলে না পেলে যে কোনো জিএসসিই'র সেন্টার থেকে সংগ্রহ করুন।

অনলাইনে সংগ্রহ করতে এই ওয়েব লিঙ্ক অ্যাক্সেস করুন— www.ehubs.in
যোগাযোগ – 9874273000

সাফল্যলাভে জিজ্ঞাসা

নিয়মিত দেওয়া হচ্ছে আমাদের বিশেষ বিভাগ 'সাফল্যলাভে জিজ্ঞাসা'। শুধুমাত্র চাকরির পরীক্ষার খোঁজখবর নয়, চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, সরকারি চাকরির নানা ধরনের কোর্স ও ট্রেনিং, প্রয়োজনীয় ওয়েবসাইট– এমন বিবিধ প্রশ্নের সঠিক তথ্যের ডালি নিয়ে সাজানো এই বিভাগ। সমস্ত তথ্যের উত্তর দিচ্ছেন GSCE-র বিভাগীয় বিশেষজ্ঞগণ।

এনসিইআরটি

◆ 'ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং' (এনসিইআরটি) গ্রাফিক ডিজাইনার পদে কর্মী নিয়োগ করছে বলে জেনেছি। আমি একটি বেসরকারি সংস্থায় ২ বছর ধরে গ্রাফিক ডিজাইনের কাজ করছি। আমি কি আবেদন করতে পারব? বিস্তারিত জানাবেন।

তুষার জানা, মধ্যগ্রাম

☞ 'ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং' (এনসিইআরটি)-এর এডুকেশন ইন আর্টস অ্যাসথেটিক ডিপার্টমেন্ট সম্প্রতি ওয়ার্কিং ইন্টারভিউয়ের মাধ্যমে গ্রাফিক ডিজাইনার, প্রোগ্রামার এবং জুনিয়র প্রোজেক্ট ফেলো শাখায় প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। আপনার শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে বিস্তারিত কিছু জানাননি। তাই গ্রাফিক ডিজাইনার পদ সম্পর্কে সমস্তটাই এখানে বিশদে জানানো হল– এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : F.4-23(1)/2021-22/VEAA/GD/। এই শাখায় শূন্যপদ ২টি। শিক্ষাগত যোগ্যতা হিসেবে প্রয়োজন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ৫৫ শতাংশ নম্বরসহ মাস্টার ডিগ্রি পাশ করতে হবে ভিজুয়াল আর্টসে। এর মধ্যে অ্যানিমেটেড আর্টস/গ্রাফিক ডিজাইন করে থাকতে হবে। এরসঙ্গে অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে ডিজিটাল গ্রাফিক ডিজাইন, ভিজুয়ালাইজেশন, ইন্টারফেস ডিজাইন ইত্যাদিতে। অ্যাডব ফটোশপ সিএস৬, ইলাস্ট্রেটর অ্যাপ্লিকেশনে কাজ জানতে হবে। ইন্টারভিউ হবে আগামী ১৩ সেপ্টেম্বর বেলা ১০টা থেকে। প্রার্থীকে নির্দিষ্ট দিনে সকাল ৯টার মধ্যে পৌঁছে যেতে হবে। ইন্টারভিউ কেন্দ্রে ঠিকানা হল– Conferance Room, 2nd Floor, G.B. Pant Block, DEAA, NCERT, New Delhi-110016। সমস্ত শিক্ষাগত যোগ্যতা, আইডি প্রুফ, বয়সসীমা ও কাস্ট সার্টিফিকেট (যদি থাকে) ইত্যাদির অরিজিনাল কপি এবং স্বপ্রত্যয়িত ফটোকপি সঙ্গে নিয়ে যেতে হবে। এছাড়া প্রার্থীকে তার বায়োডাটা অনলাইনে ৯ সেপ্টেম্বর বিকেল সাড়ে ৫টার মধ্যে ইমেল করে দিতে হবে এই ইমেল আইডিতে– deaa.ncert@gmail.com। এছাড়া আরও বিস্তারিত জানতে www.ncert.nic.in ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্রের বয়ানও পেয়ে যাবেন সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে। সেটি যথাযথ ভাবে ফিলআপ করে, ইমেল করে পাঠিয়ে দিতে হবে।

ভাবা অ্যাটমিক রিসার্চ

◆ ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার উচ্চমাধ্যমিক যোগ্যতায় কি পদে নিয়োগ করছে? আমি বর্তমানে দিওর সায়েন্সে রিএসসি পড়ছি। আমি কি আবেদন করতে পারব? বিস্তারিত জানাবেন।

অশোক কর্মকার শিমুরালি

☞ কেন্দ্রীয় সরকারের অধীনস্থ 'ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার' ড্রাইভার কাম পাম্প অপারেটর কাম ফায়ারম্যান, সাব অফিসার শাখায় ২০ জনকে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পদগুলিতে শুধুমাত্র শিক্ষাগত যোগ্যতা নয়, শারীরিক সক্ষমতার পরীক্ষায় পাশ করতে হবে চূড়ান্ত বাছাইয়ের জন্য। ড্রাইভার কাম পাম্প অপারেটর কাম ফায়ারম্যান শাখায় শূন্যপদ ১৬টি (অসংরক্ষিত ৬, ওবিসি ৫, এসসি ৩, এসটি ১ ও আর্থিকভাবে অনগ্রসর শ্রেণি ১)। আবেদনের জন্য কেমিস্ট্রি নিয়ে সায়েন্স শাখায় ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে ভারি গাড়ি চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং ড্রাইভিংয়ের কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সার্টিফিকেট কোর্স পাশ করতে হবে ফায়ার ফাইটিং/ফায়ার এসটিংগুইশার শাখায় কোনো রাজ্য সরকার স্বীকৃত ফায়ার ট্রেনিং সেন্টার থেকে। উচ্চতা হতে হবে অন্তত ১৬৫ সেমি, ওজন হতে হবে অন্তত ৫০ কেজি, বুকের ছাতি অন্তত ৮১ সেমি এবং ফুলিয়ে অন্তত ৮৬ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে অন্তত ৬/৬ (চশমা ছাড়া)। কোনো শারীরিক প্রতিবন্ধকতা থাকা চলবে না। বয়সসীমা ১৮-২৭ বছর। সাব অফিসার শাখায় শূন্যপদ ৪টি (অরক্ষিত ৩ ও ওবিসি ১)। আবেদনের জন্য কেমিস্ট্রি নিয়ে সায়েন্স শাখায় ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ উচ্চমাধ্যমিক পাশের সঙ্গে সাব অফিসার কোর্স পাশ করতে হবে ন্যাশনাল ফায়ার সার্ভিস কলেজ থেকে। এর সঙ্গে ভারি গাড়ি চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। এর সঙ্গে অন্তত ১২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে যার মধ্যে লিডিং ফায়ারম্যান হিসাবে অথবা অন্তত ১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ফায়ারম্যান/ড্রাইভার কাম অপারেটর হিসাবে কোনো ইন্ডাস্ট্রিয়াল ফায়ার সার্ভিস স্টেশনে। উচ্চতা হতে হবে অন্তত ১৬৫ সেমি, ওজন হতে হবে অন্তত ৫০ কেজি, বুকের ছাতি অন্তত ৮১ সেমি এবং ফুলিয়ে অন্তত ৮৬ সেমি। দৃষ্টিশক্তি হতে হবে অন্তত ৬/৬ (চশমা ছাড়া)। কোনো শারীরিক প্রতিবন্ধকতা থাকা চলবে না। বয়সসীমা ১৮-৪০ বছর। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা সরকারি নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে ফিজিক্যাল এনডিওরেন্স টেস্ট, ড্রাইভিং টেস্ট এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। ফিজিক্যাল এনডিওরেন্স টেস্টে ২৫ সেকেন্ডে ১০০ মিটার দৌড়তে হবে। ১৫ মিটার লং জাম্প দিতে হবে। ১০ মিটার লম্বা মই দুবার ওঠানামা করতে হবে ২ মিনিটের মধ্যে। ৩ মিনিটের মধ্যে একটি পূর্ণ বয়স্ক মানুষকে কাঁধে তুলে ২৫ মিটার উচ্চতা থেকে নামিয়ে আনতে হবে। ২০টি পুশআপ দিতে হবে। ১০ মিনিটে ১.৬ কিমি দৌড়াতে হবে ও আরো আনুষঙ্গিক শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে হবে। এই ধাপে পাশ করলে এরপর থাকবে ড্রাইভিং টেস্ট, তারপর থাকবে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষায় ৫০টি অবজেক্টিভ টাইপের প্রশ্নের উত্তর দিতে হবে ১ ঘণ্টা সময়ে যেখানে থাকবে ম্যাথমেটিক্স থেকে ২০টি প্রশ্ন, সায়েন্স থেকে ২০টি প্রশ্ন ও জেনারেল অ্যাওয়ারনেস থেকে ১০টি প্রশ্ন। প্রতিটি সঠিক উত্তরে ৩ নম্বর এবং একটি ভুল উত্তরে ১ নম্বর কাটা যাবে। আবেদন করতে হবে ১৫ অক্টোবর তারিখের মধ্যে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করতে হবে www.recruit.barc.gov.in ওয়েবসাইটে থেকে। সেটি যথাযথভাবে ফিলআপ করে পাঠিয়ে দিতে হবে এই ঠিকানায়– The Administrative Office-III, Bhava Atomic Research Centre, P.B. No.1, Yelwal, Mysure-571130। খামের উপর অবশ্যই বড় হাতের অক্ষরে লিখে দিতে হবে– APPLICATION FOR THE POST OF _____। আবেদনপত্রের বয়ান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিটির সঙ্গে দেওয়া আছে। এছাড়া আরও বিস্তারিত জানতে উপরিউক্ত ওয়েবসাইটে চোখ রাখুন।

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-হাওড়া

◆ হাওড়া জেলা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিসে অষ্টম পাশ ও মাধ্যমিক যোগ্যতায় নিয়োগ চলছে শুনেছি। আমি বর্তমানে বায়োলজি নিয়ে রিএসসি পাঠরত। আমি আবেদন করতে চাই। এই নিয়োগ সম্পর্কে দয়া করে জানাবেন।

পূর্ণা কুণ্ডু, উলুবেড়িয়া

☞ অফিস অফ দ্য ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, হাওড়া, সোশাল ওয়েলফেয়ার সেকশন প্রাথমিকভাবে চুক্তিভিত্তিক পদ্ধতিতে ম্যানেজার/কো-অর্ডিনেটর, সোশাল ওয়ার্কার কাম অর্থি চাইল্ডহুড এডুকেটর, নার্স, আয়া, চৌকিদার শাখায় ১৬টি শূন্যপদে প্রার্থী নিয়োগ করবে বলে জানিয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর : 275/DCPS/HOW। আপনার প্রশ্নানুযায়ী এখানে ক্লাস এইট ও মাধ্যমিক পাশ যোগ্যতার পদগুলি সম্পর্কে জানানো হল। নার্স শাখায় শূন্যপদ ১টি (অসংরক্ষিত)। বয়সসীমা ২৩-৪০ বছর। মাধ্যমিক পাশের সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফেরিতে ডিপ্লোমা পাশ করতে হবে। অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। আয়া শাখায় শূন্যপদ ১২টি (অসংরক্ষিত ২, অসংরক্ষিত এক্সেমটেড ক্যাটেগরি ২, এসসি ২, এসটি ১, অসংরক্ষিত প্রাক্তন সামরিকর্মী ১, ওবিসি-এ ১, ওবিসি-বি ১, অসংরক্ষিত শারীরিক প্রতিবন্ধী ১, ওবিসি-এ এক্সেমটেড ক্যাটেগরি ১)। বয়সসীমা ২১-৫০ বছর। মাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা আবশ্যক। চৌকিদার শাখায় অষ্টম শ্রেণি পাশ থাকলে শুধুমাত্র পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন। বয়সসীমা ১ জুলাই, ২০২১ তারিখ অনুযায়ী নির্ধারিত হবে। আপনি যেহেতু এখন পাঠরত। তাই হয়তো এই পদগুলিতে আবেদন করতে পারবেন না।

চাকরির পরীক্ষার বিজ্ঞপ্তি, পরীক্ষার তারিখ, ফল প্রকাশ ইত্যাদি চাকরি সংক্রান্ত বিবিধ প্রশ্ন, নানা ধরনের কোর্স ও ট্রেনিং সম্পর্কিত কোনও প্রশ্ন থাকলে নিজের নাম, ঠিকানা, ফোন নম্বর ও ইমেল আইডি দিয়ে প্রশ্নপত্র পাঠাতে পারেন। পাঠাবেন এই ইমেল আইডিতে। **Email : sckmatter@gmail.com** অনুগ্রহ করে একাধিক প্রশ্ন পাঠাবেন না। আগে আসার ভিত্তিতে ধারাবাহিকভাবে উত্তর ছাপানো হবে। কোনো বিতর্কিত প্রশ্নের উত্তর দেওয়া হবে না।

নিউ ইন্ডিয়া অ্যাসুওরেন্স কোম্পানিতে ৩০০

২ পাতার পর

ডেসক্রিপটিভ টেস্টে সম্পন্ন হবে। অবজেক্টিভ টেস্টে ২০০ নম্বরের প্রশ্নে টেস্ট অফ রিজনিং, টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গুয়েজ, টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস এবং টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড থেকে ৫০টি করে প্রশ্ন থাকবে। এরমধ্যে জেনারেল অ্যাওয়ারনেস বিভাগে ৩০ মিনিট এবং বাকি বিভাগগুলিতে ৪০ মিনিট করে সময় ধার্য থাকবে। ঐ একই দিনে প্রার্থীকে অনলাইনে ডেসক্রিপটিভ টেস্টে বসতে হবে। এই পরীক্ষাটিতে ৩০ মিনিট সময়ে ৩০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজের ওপর পরীক্ষা দিতে হবে। লেটার রাইটিং ১০ এবং এসএ লিখতে হবে ২০ নম্বরের। কম্পিউটারে টাইপিং স্পিড ভাল থাকতে হবে। উভয় পরীক্ষাতেই প্রার্থীকে প্রতিটি বিভাগে আলাদা করে কাটঅফ মার্ক তুলতে হবে। তবেই প্রার্থী ইন্টারভিউতে ডাক পাবেন। ডেসক্রিপটিভ টেস্টে ন্যূনতম কোয়ালিফাইং মার্কস ১৫ এবং এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধীদের ১৩.৫।

▸ **আবেদন পদ্ধতি ও সময়সীমা :** ২১ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে প্রার্থীদের আবেদন করতে হবে http://newindia.co.in ওয়েবসাইটে গিয়ে। আবেদন ফি ৭৫০ টাকা। এসসি/এসটি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদন ফি ১০০ টাকা। এছাড়া বিশদে জানতে উপরিউক্ত ওয়েবসাইটে গিয়ে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ে নিন।

GSCE Publications থেকে প্রকাশিত হল

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল অ্যাচিভার্স স্পেশাল সংখ্যা

ACHIEVERS Collectors' Handbook of Infotainment

- বিষয়ভিত্তিক তথ্য সংকলন
- ব্যাখ্যাসহ প্র্যাকটিস সেট
- পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলকাতা পুলিশের বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তর

₹200

পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশ কনস্টেবল পরীক্ষার অপরিহার্য সংখ্যা

Dates of Upcoming Examinations

Examination Name	Date	Website
BANK EXAM		
IBPS Clerk-XI (Preli Exam) 2021 *	28-29.08.2021 04-05.09.2021	www.ibps.in
IBPS Clerk-XI (Mains Exam) 2021	31.10.2021	
IBPS PO / MT (Preli Exam) 2021	9,10,16,17.10.2021	
IBPS PO / MT (Mains Exam) 2021	27.11.2021	
RRB Office Asst., Officer Scale-I (X) Preli Exam	1,7,8,14,21.08.2021	
RRB Office Asst. (X) Mains Exam	03.10.2021	
RRB Officer Scale-I, II Mains Exam	25.09.2021	
UPSC (Union Public Service Commission)		
Indian Forest Service (Preli) Exam-2021	27.06.2021	www.upsc.gov.in
Indian Forest Service (Mains) Exam-2021	21.11.2021	
Civil Services (Preli) Exam-2021	27.06.2021	
Civil Services (Mains) Exam-2021	17.09.2021	
CDS Exam-II 2021	14.11.2021	
NDA & NA Exam-II 2021	05.09.2021	
Combined Geo-Scientist Preli Exam 2022	20.02.2022	
Engineering Service Preli Exam 2022	20.02.2022	
NDA & NA Exam-I 2022	10.04.2022	
NDA & NA Exam-II 2022	04.09.2022	
Staff Selection Commission		
MTS Tier-II Exam 2021	21.11.2021	www.ssc.nic.in
SSC GD Constable, 2020	02-25.08.2021	
West Bengal & All India Various Exams' Date		
Judicial Service 2021 Preli Exam	12.09.2021	www.wbpsc.gov.in
WBCS 2020 Mains Exam	27-29, 31.08.2021	
WBSEDCL Office Executive & Junior Operator Technician cum Technical Assistant (Advt. No. 05/2018)		
PSC ICDS Supervisor (Mains)	12-13.12.2021	
PSC Audit & Accounts Service 2020 Preli	13.06.2021 (Postponed)	
West Bengal and All India Various Exams' Result		
IBPS Clerk-X Main Exam Result		www.ibps.in
IBPS PO / MT-IX Provisional Allotment under Reserve List		
IBPS Clerk-IX Provisional Allotment under Reserve List		
IBPS PO / MT-X Mains Result		
IBPS Clerk-X Mains Result		
IBPS RRB-IX (Office Assistant) Mains Result		
WB Police Constable (Male) Final Exam Result		www.wbpolice.gov.in
WB Police Excise Constable Prelims Result, 2019		
WB Police SI 2019 Prelims Result		
WB Police SI & ISI Final Result		

The results of the following examinations have been published. For more details browse the respective websites.

Examination	Website
UPSC (Union Public Service Commission)	
UPSC CDS-II 2020 Result	www.upsc.gov.in
Joint Asst. Director (Advt. 13/2019) Result	
Deputy Central Intelligence Officer (Advt. 18 / 2019) Result	
Asst. Legal Advisor (Advt. 10 / 2019) Result	
Company Prosecutor (Advt. 06 / 2019) Result	
CAPF (ACS) Exam 2018 Reserve List	
CDS (1) 2020 Result	
IES Exam 2019 Final Result	
Engineering Services 2020 (Prelims)	
Civil Services Exam 2019 (Mains)	
Staff Selection Commission	
SSC Junior Engineer 2020 Paper-I Result	www.ssc.nic.in
Jr. Hindi Translator, Jr. Translator 2020 Paper-II Result	
SSC SI & ASI 2018 Final Result	
SSC CGL 2019 Tier-I Result	
SSC CGL 2018 Final Result	
SSC Stenographer Grade-C&D 2018 Revised Final Result	
SSC CPO Paper-I Aditional Result	
CHSL Exam 2018 (Tier-II) Result	
Junior Hindi Translator & other 2018 Final Result	
Selection Posts (Phase-VII) CBT Result	
SI in Delhi Police & ASI in CISF Exam 2019 Result	
West Bengal and All India Various Exams' Result	
Miscellaneous 2018 Final Result (Advt. No. 29/2017)	www.wbpsc.gov.in
WBCS 2019 Group-C Main Result	
WB Municipal Service Commission, Field Worker MHW Advt. No. 09, 20 / 2020	www.mscwb.org
WB Municipal Service Commission, Food Safety Officer Advt. No. 13,19/2020	
WB Municipal Service Commission, Sub-Assistant Engineer Advt. No. 08/2020	
Calcutta High Court District Judge Preli Result	calcuttahighcourt.gov.in
IBPS PO/MT-X Mains Result	www.ibps.in
IBPS Clerk-X Preli Result	
WBSEDCL Assistant Engineer Final Result, 2019	www.wbsedcl.in
SBI Clerk Preli Result,2020	www.sbi.co.in
West Bengal Co-Operative Service Commission Result	www.webcsc.org
WBPSC Audit & Accounts Service Exam 2019 Preliminary	www.wbpsc.gov.in
WBPSC Misc. Services Preliminary 2019 Results	
WBPSC Food & Supply Sub-Inspector Result	
FCI Manager Phase-II Result	www.fci.gov.in
WBCS 2020 Preliminary Result	www.wbpsc.gov.in
PSC Miscellaneous Services Exam 2018 Mains Result	

সম্প্রতি প্রকাশিত পরীক্ষার ফলাফল এবং আসন্ন পরীক্ষার তারিখ তালিকার আকারে উপরে দেওয়া হয়েছে। সাম্প্রতিক লকডাউন পরিস্থিতিতে অনেক পরীক্ষার তারিখ পিছোতে পারে, নতুন তারিখ জানানো হলে আমরা তা পত্রিকায় জানিয়ে দেব। পরীক্ষায় প্রার্থীর নিজের ফলাফল জানতে বা আসন্ন পরীক্ষায় কীভাবে প্রস্তুতি নিলে চূড়ান্ত সফল হবেন, সে বিষয়ে যদি সহায়তা চান, তাহলে 'জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এগজামস' (GSCE)-এর নিকটবর্তী কেন্দ্রে যোগাযোগ করুন।

ESTD.-1920

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

100 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2020

জীবন গড়ার ১০০ বছর

ট্রেনিং পার্টনার ঃ ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

*নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (ইউ জি সি অনুমোদিত) দ্বারা স্বীকৃত

প্রধান কোর্স সমূহ — যোগ্যতা ক্লাস X/XII বোর্ড এক্সাম

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
- * রাউটিং সুইচিং এক্সপার্ট
- * নেটওয়ার্ক এক্সপার্ট
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- * ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- * সিসিটিভি টেকনিসিয়ান
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- * স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- অ্যাডভান্স মোবাইল রিপেয়ারিং (ই.এম.এম.সি) প্রফেশনাল
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সোলার পাওয়ার টেকনোলজি
- সাইবার সিকিউরিটি এণ্ড ইনফরমেশন
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
- * অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক)
- * প্রফেশনাল বিসনেস অ্যাকাউন্ট্যান্ট
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
- * কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট #
- * স্টেনোগ্রাফি * মাইক্রোসফট অফিস (এক্সেল সহ)
- * ট্যালি GST * ডট নেট টেকনোলজি

ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র Bank of Maharashtra
- ১০০% এডুকেশন লোন
- পরিশোধ করার সময়সীমা : ১৫ বছর
- চাকরী পাওয়ার পর অথবা ডিপ্লোমা / সার্টিফিকেট পাওয়ার ১ বছর পর থেকে EMI শুরু
- EMI সামান্য

*Scan QR code for more details

ডাটা সায়েন্স
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং আর
- ডাটা অ্যানালিটিক্স ইউজিং পাইথন
- মেশিন লার্নিং ইউজিং আর
- মেশিন লার্নিং ইউজিং পাইথন

কর্পোরেট কোর্স
- রিলায়েন্স ডিজিটাল কনজিউমার ইলেকট্রনিক্স ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল এয়ার কন্ডিশনার ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- রিলায়েন্স ডিজিটাল হোম অ্যাপ্লায়েন্সেস অ্যাণ্ড রেফ্রিজারেটর ফিল্ড টেকনিসিয়ান (Reliance Digital দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যাণ্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)

ফিল্ম অ্যাণ্ড টেলিভিশন
- অ্যাকটিং
- এডিটিং
- ডাইরেকশন
- সিনেমাটোগ্রাফি

প্যারামেডিক্যাল — এন সি ভি আর টি (ভারত সরকার অনুমোদিত) দ্বারা স্বীকৃত
- ডিপ্লোমা ইন মেডিকেল ল্যাবরেটরী টেকনোলজি
- ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি
- ডিপ্লোমা ইন নার্সিং অ্যাডমিনেসট্রেসন
- ডিপ্লোমা ইন রেডিওলজি এণ্ড ইমেজিং টেকনোলজি
- ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি
- সার্টিফিকেট ইন ফ্লেবোটমি টেকনিশিয়ান

বিউটি — এন সি ভি আর টি (ভারত সরকার অনুমোদিত) দ্বারা স্বীকৃত
- * ডিপ্লোমা ইন কসমেটোলজি
- * ডিপ্লোমা ইন বিউটি থেরাপি অ্যাণ্ড ম্যানেজমেন্ট
- * ডিপ্লোমা ইন হেয়ার স্টাইলিং
- * সার্টিফিকেট ইন সেল্ফ গ্রুমিং অ্যাণ্ড ব্রাইডাল মেকআপ
- * সার্টিফিকেট ইন অ্যাডভান্স কসমেটোলজি অ্যাণ্ড হেয়ার ডিজাইন
- * সার্টিফিকেট ইন নেল ট্রিটমেন্ট
- * সার্টিফিকেট ইন বিউটি থেরাপিস্ট

ইন্টিরিয়র ডিজাইন
- সার্টিফিকেট কোর্স ইন এক্সপার্ট প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন

E-mail : queries@georgetelegraph.org | Website : www.georgetelegraph.org

CENTRES মেন ক্যাম্পাস শিয়ালদহ 8336939682/83/84/85

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146

অলিপুরদুয়ার	9836408027
আসানসোল	9051117895
বেলঘড়িয়া (টেক্সমাকো)	9830780280
বাগনান	9051110638
বোলপুর	9073333262
বারাসাত (চৌরী রোড)	9674165589
বারাসাত (যশোর রোড)	8336911041
বেহালা	9836616668
বহরমপুর	9674165587
বাঁকুড়া	9932870010
বারাকপুর (ব্যারাকপুর রোড)	9830596844
বর্ধমান	9007129736
কাটোয়া	9674165582
দুর্গাপুর	9051111246
ডাকঘর	8017522288
ডায়মণ্ড হারবার	8017522287
গুয়াহাটি	9127066277
গার্ডেনরিচ	9230613574
হরিপাল	9874136799
হাবরা	9093037766
হলদিয়া	9732727609
জয়নগর	9836666773
জলপাইগুড়ি	9434154082
কল্যাণী	9674165588
কৃষ্ণনগর	9674162462
কোন্নগর	8697140843
কাকদ্বীপ	9830077802
খড়্গপুর	9073610876
লিলুয়া (হাওড়া)	9830136688
মালবাজার	9674165584
মালদা	9674165585
মেদিনীপুর	8335062606
মেমারি	8777687853
পাণ্ডুয়া	9831840004
শিলিগুড়ি	8335078359
সোনারপুর	9830720005
সিউড়ি	9475074332
তমলুক	9735521383
ঠাকুরপুকুর	8017522286

Paramedical

বাগনান	9051110638
বালুরঘাট	9734935600
বারাসাত	8336911041
বসিরহাট	8910505980
বর্ধমান	8335053588
বেহালা	8336911653
দুর্গাপুর	9051111246
ঝাড়গ্রাম	9547240202
লিলুয়া	9830136688
মেদিনীপুর	8944007742
সোনারপুর	9073727474
শিলিগুড়ি	8335078359
তারকেশ্বর	9800119669

Smart Centre

জীরামপুর	9073610884
বর্ধমান	8335053588
নাকতলা (গড়িয়া)	9831166575
সোনারপুর	9874055586

Beauty

ভবানীপুর	9073952154
বর্ধমান	8335053588
বাগনান	9051110638
সল্টলেক (এক ডি ব্লক)	9830080238
নাকতলা (গড়িয়া)	9831166575
বারাসাত (যশোর রোড)	9073952156
দুর্গাপুর	9836428286
কল্যাণী	9674165588
গার্ডেনরিচ	6290939559
গড়িয়া (বোরাল)	9674165418
শিলিগুড়ি	9674757479

Interior Design

পার্ক স্ট্রিট	9073610877

Film & Television

নেতাজীনগর	8017009162 / 9830006595

Helpline ~ 9836428285 • WhatsApp 8336005282

কারেন্ট অ্যাফেয়ার্স

প্রতিরক্ষা

পারস্য উপসাগরে দ্বিতীয় ভারত-কাতার যৌথ নৌমহড়া

পারস্য উপসাগরে ৯-১৪ আগস্ট **ভারতীয় নৌবাহিনী ও কাতার এমিরি নৌবাহিনীর** মধ্যে যৌথ মহড়া **'জায়র-আল-বাহর'** এর দ্বিতীয় সংস্করণ অনুষ্ঠিত হল। মহড়ার এই সংস্করণটিতে তিনদিনের বন্দর পর্বের পরে দুই দিনের সমুদ্রপর্ব অন্তর্ভুক্ত ছিল। সমুদ্রপর্বটি কৌশলগত সামুদ্রিক এক্সারসাইজের সমন্বয়ে গঠিত যাতে সারফেস অ্যাকশন, অ্যান্টি-পাইরেসি এক্সারসাইজ, বায়ু প্রতিরক্ষা, সামুদ্রিক নজরদারি, বোর্ডিং অপারেশন এবং এসএআর এক্সারসাইজের অন্তর্ভুক্ত। ভারতীয় নৌবাহিনীর স্টিলথ ফ্রিগেট আইএনএস ত্রিকান্দ, কাতার এমিরি নৌবাহিনীর বারজান এবং দমশাহ শ্রেণির মিসাইল নৌযান, এমআরটিপি ৩৪ শ্রেণির দ্রুত আক্রমণকারী ক্রাফট এবং রাফাল যুদ্ধবিমান অংশ নিয়েছিল।

ভারত-ভিয়েতনামের দ্বিপাক্ষীয় নৌমহড়া

ভারতীয় নৌবাহিনী এবং ভিয়েতনামের পিপলস নেভি দুই নৌবাহিনীর মধ্যে প্রতিরক্ষা সম্পর্ক জোরদার করার জন্য দক্ষিণ চিন সাগরে **ভারত-ভিয়েতনাম দ্বিপাক্ষীক নৌমহড়া** শুরু করেছে। ভারতের **'আইএনএস রণবিজয়'** এবং

'আইএনএস কোরা' মহড়ায় অংশ নিয়েছিল এবং ভিয়েতনাম পিপলস নেভি থেকে **'ফ্রিগেট ডিপিএনএস লাই ঘাই টু (HQ-012)'** মহড়ায় অংশ নিয়েছিল। দ্বিপাক্ষিক মিথস্ক্রিয়ার লক্ষ্য হল দুই নৌবাহিনীর মধ্যে বিদ্যমান বন্ধনকে আরও সুসংহত করা এবং ভারত ভিয়েতনাম প্রতিরক্ষা সম্পর্ককে আরও শক্তিশালী করা। উল্লেখ্য, ভারতীয় নৌবাহিনীর জাহাজগুলি ভিয়েতনামে দেশের ৭৫তম স্বাধীনতা দিবস উদযাপন করায় এই সফরটি বিশেষ গুরুত্ব বহন করে।

জাতীয় খবর

ওড়িশা আরও ১০ বছর ভারতীয় হকিকে স্পনসর করবে

মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক ঘোষণা করেছেন যে, ২০২৩ সালে বর্তমান স্পনসরশিপ শেষ হওয়ার পর ওড়িশা সরকার ভারতীয় হকি দলকে আরও ১০ বছরের জন্য স্পনসর করবে। রাজ্য সরকার ২০১৮ সালে জাতীয় হকি দলগুলিকে স্পনসর করা শুরু করে। টোকিও অলিম্পিকে অনবদ্য পারফরম্যান্সের জন্য মুখ্যমন্ত্রী প্রতিটি খেলোয়াড়কে ১০ লক্ষ টাকা করে পুরস্কার প্রদান করেন।

দেশের প্রথম স্মগ টাওয়ার দিল্লিতে

মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীওয়াল ২৩ আগস্ট, দিল্লির কনট প্লেসের বাবা খড়ক সিং মার্গে **দেশের প্রথম স্মগ টাওয়ার উদ্বোধন** করলেন। এই টাওয়ার প্রতি সেকেন্ডে ১০০০ ঘনমিটার বায়ু পরিষ্কার করবে এবং দিল্লিতে পিএম ২.৫

এবং পিএম ১০ এর মাত্রা কমবে। বর্ষাকালের পর স্মগ টাওয়ার জেরকলমে কাজ করবে। দিল্লি দূষণ নিয়ন্ত্রণ কমিটির বিজ্ঞানীরা সেই অনুযায়ী টাওয়ারের কার্যকারিতা মূল্যায়ন করবেন এবং মাসিক প্রতিবেদন উপস্থাপন করবেন।

